জনতা ব্যাংক পিএলসি.
প্রধান কার্যালয়, ঢাকা।
www.jb.com.bd

ফরেন রেমিট্যান্স ডিপার্টমেন্ট
ফোনঃ ৯৫১৫৩০৬

এফ.ডি সার্কুলার নং ঃ ৪২৯ ,

০৩ অক্টোবর, ২০২৪ খ্রিস্টাব্দ
তারিখঃ-------------------
১৮ আশ্বিন, ১৪৩১ বঙ্গাব্দ

সকল মহাব্যবস্থাপক/উপ-মহাব্যবস্থাপক
একান্ত সচিব, এমডি এন্ড সিইও এবং সকল উপ ব্যবস্থাপনা পরিচালক
সকল সহকারী মহাব্যবস্থাপক এবং ব্যবস্থাপক
জনতা ব্যাংক পিএলসি.
প্রধান কার্যালয়ের সকল ডিভিশন ও ডিপার্টমেন্ট/বিভাগীয় কার্যালয়/
লোকাল অফিস/জনতা ভবন কর্পোরেট শাখা/এরিয়া অফিস/সকল শাখা
এবং সকল সাবসিডিয়ারী কোম্পানী

**বিষয়ঃ প্রবাসে কর্মে নিয়োজিত থাকা অবস্থায় মৃত্যুবরণকারী বা দুর্ঘটনায় শারীরিকভাবে ক্ষতিগ্রস্ত বাংলাদেশীদের ক্ষতিপূরণ বাবদ আগত রেমিট্যান্সের বিপরীতে সরকারী প্রণোদনা /নগদ সহায়তা প্রদান প্রসঙ্গে।**

জনাব,

শিরোনামীয় বিষয়ে বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা এর বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ কর্তৃক জারীকৃত এফই সার্কুলার নং-১৬, তারিখ ঃ ১২ সেপ্টেম্বর, ২০২৪ এর নির্দেশনা আমাদের হস্তগত হয়েছে যা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য এতদ্সংগে সংযুক্ত করা হলো (পরিশিষ্ট-'ক')।

উক্ত এফই সার্কুলারে বর্ণিত সিদ্ধান্ত যথাযথভাবে পরিপালনের জন্য অত্র ব্যাংকের সকল শাখাসহ সংশ্লিষ্ট সকলকে পরামর্শ প্রদান করা হলো।

আপনার বিশ্বস্ত,

(মোঃ মাহবুবুর রহমান)
উপ-মহাব্যবস্থাপক

(রুহিয়া আখতার)
মহাব্যবস্থাপক

"পরিশিষ্ট-ক"

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।
www.bb.org.bd

এফই সার্কুলার নং-১৬

তারিখ: সেপ্টেম্বর ১২, ২০২৪
২৮ ভাদ্র, ১৪৩১

প্রধান নির্বাহী/ব্যবস্থাপনা পরিচালক
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়গণ,

**প্রবাসে কর্মে নিয়োজিত থাকা অবস্থায় মৃত্যুবরণকারী বা দুর্ঘটনায় শারীরিকভাবে ক্ষতিগ্রস্ত বাংলাদেশীদের ক্ষতিপূরণ বাবদ আগত রেমিট্যান্সের বিপরীতে সরকারী প্রণোদনা/নগদ সহায়তা প্রদান প্রসঙ্গে।**

শিরোনামোক্ত বিষয়ে সকলের দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, উপযুক্ত কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুযায়ী বিদেশে কর্মরত অবস্থায় মৃত্যুবরণকারী বা দুর্ঘটনায় শারীরিকভাবে ক্ষতিগ্রস্ত প্রবাসীদের নিয়োগ প্রদানকারী প্রতিষ্ঠান বা বীমা কোম্পানী হতে প্রাপ্ত ক্ষতিপূরণ বাবদ বৈধ উপায়ে দেশে প্রেরিত অর্থের বিপরীতে বিদ্যমান হারে রেমিট্যান্স প্রণোদনা/নগদ সহায়তা প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।

০২। রেমিটকৃত অর্থের আয়ের উৎস সম্পর্কে প্রমাণকের ভিত্তিতে নিশ্চিত হতে হবে এবং আহরণের সাথে সাথে আবশ্যিকভাবে টাকায় রূপান্তর করতে হবে।

০৩। এ নির্দেশনা অত্র সার্কুলার জারির তারিখ হতে কার্যকর বলে গণ্য হবে।

০৪। রেমিট্যান্স প্রেরণের বিপরীতে প্রণোদনা/নগদ সহায়তা সংক্রান্ত ইতঃপূর্বে ইস্যুকৃত এফই সার্কুলার নং-৩১, তারিখঃ ০৬/০৮/২০১৯ এবং এর ধারাবাহিকতায় জারিকৃত সার্কুলার পত্রগুলোর অপরাপর নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

০৫। সংশ্লিষ্ট সকল পক্ষকে এতদ্‌বিষয়ে অবহিতকরণের জন্য পরামর্শ দেয়া যাচ্ছে।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ সরোয়ার হোসেন)
পরিচালক (এফইপিডি)
ফোন: ৯৫৩০১২৩